



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগ-৩১

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২২ বাংলা  
০৩ আগস্ট ২০১৫ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান

ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট হতে স্বেচ্ছা ঘোষণা গ্রহণ করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অথরিটির চাহিদার প্রেক্ষিতে আপনারা আপনাদের প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের তথ্য-উপাত্ত অথরিটিতে প্রেরণ করে থাকেন যা সরকার কর্তৃক সেক্টর সম্পর্কিত বিভিন্ন মীতি প্রণয়নসহ রাষ্ট্রীয় বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে ব্যবহার করা হয়ে থাকে। এছাড়া একটি টেকসই ও জবাবদিহিমূলক ক্ষুদ্রখণ্ড সেক্টর প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার ইতোমধ্যে আইন ও বিভিন্ন বিধি-বিধান প্রণয়ন করেছে। বস্তুত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে অথরিটির এসকল আইন ও বিধি-বিধান পরিপালন এবং অথরিটিতে সঠিক তথ্য প্রেরণের উপর সেক্টরের টেকসই উন্নয়ন নির্ভর করছে। এপ্রেক্ষিতে ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য সকল বিধি-বিধান যথাযথভাবে পরিপালন এবং অথরিটিতে সঠিক তথ্য ও উপাত্ত সরবরাহে প্রধান নির্বাহী কর্মকর্তাগণ সর্বদা সচেষ্ট থাকবেন মর্মে এতদসংগে প্রেরিত নমুনা অনুযায়ী একটি স্বেচ্ছা ঘোষণা প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাজ্জাদ হোসেন)  
পরিচালক  
ফোন: ৮৩৩২৬৭৭।

অনুলিপি নং-৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৫-৩১২(৭০)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যৱৰো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)  
উপ-পরিচালক  
ফোন: ৮৩১৫৭৯৯।

## স্বেচ্ছা ঘোষণা

"আমি/আমরা হালনাগাদ ক্ষুদ্রোগ প্রতিষ্ঠানের জন্য প্রয়োজ্য ও দেশের প্রচলিত সংশ্লিষ্ট আইন-কানুন ও বিধি-বিধান অবহিত আছি। অথরিটিকে সরবরাহকৃত তথ্য-উপাত্ত ও বর্ণনা সঠিক ও যথাযথ রয়েছে এবং প্রদত্ত কোন তথ্য-উপাত্ত বা বর্ণনা ভবিষ্যতে অসত্য, জাল বা ভুয়া প্রমানিত হলে উহার জন্য আমি/আমাদের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকব এবং প্রয়োজ্য ও দেশের প্রচলিত আইন অনুযায়ী আমার/আমাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।"

আপনাদের বিশ্বস্ত,

(স্বাক্ষর)

নাম:

পদনাম:

প্রতিষ্ঠানের নাম:

